



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

তারিখ : ১৪ আগস্ট ২০২২

বাউবির এইচএসসি (নিশ-২) প্রোগ্রামের শিক্ষার্থীদের সনদ বিতরণী অনুষ্ঠান

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে এইচএসসি (নিশ-২) প্রোগ্রামের দক্ষিণ কোরিয়ার প্রথম ব্যাচের শিক্ষার্থীদের সনদ বিতরণী ও সংবর্ধনা অনুষ্ঠান আজ রবিবার ১৪ আগস্ট, ২০২২ বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতি শিক্ষার্থীর হাতে সনদ তুলে দেন। উপাচার্য তাঁর বক্তব্যে বলেন চতুর্থ শিল্প বিপ্লবের সাথে তাল মিলিয়ে চলতে হলে আমাদের দক্ষ জনশক্তি প্রয়োজন। বহি: বিশ্বে দক্ষ জনশক্তি তৈরির লক্ষে বাউবি দেশের বাহিরের প্রবাসী শিক্ষার্থীদের জন্য নিশ-২ প্রোগ্রাম চালু করেছে। আমাদের দেশের রেমিটেন্স যোদ্ধারা বিদেশের মাটিতে বসে বৈদেশিক মুদ্রা অর্জনে সহায়তা করছে, যা বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে সহায়ক হচ্ছে। অনুষ্ঠানে ভারুয়ালি সংযুক্ত হয়ে বক্তব্য রাখেন দক্ষিণ কোরিয়ায় বাংলাদেশ দূতাবাসের প্রথম সচিব ও নিশ-২ প্রোগ্রামের সমন্বয়কারী মকিমা বেগম। শিক্ষার্থীদের পক্ষে বক্তব্য রাখেন মো: রেজোয়ান হোসেন। তিনি তার বক্তব্যে বলেন আমরা যখন বিদেশের মাটিতে কাজ করি তখন শুধু সংসারের সুখ দুঃখ নিয়ে ব্যস্ত থাকি। সেখানে আমাদের লেখা-পড়ার সুযোগ থাকেনা। বিদেশের মাটিতে লেখা-পড়ার সুযোগ করে দেয়ায় তিনি বাউবি কর্তৃপক্ষকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।



এইচএসসি (নিশ-২) প্রোগ্রামের শিক্ষার্থীর হাতে সনদ তুলে দিচ্ছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, ও রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম। ভারুয়ালি সংযুক্ত ছিলেন ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. সাবিনা ইয়াসমিন। এছাড়া বিভিন্ন স্কুলের ডিন, শিক্ষক, পরিচালকগণ ও পরীক্ষা নিয়ন্ত্রক উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং-এর যুগ্ম-পরিচালক সঙ্গীতা মোরশেদ।

স্বাক্ষর

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)